

লেবাননের ওপর থেকে ভ্রমণ নিষেধাজ্ঞা তুলে নিল আমিরাত

- A Monitor Desk Report

Date: 05 May, 2025



ঢাকাঃ সংযুক্ত আরব আমিরাত দেশটির নাগরিকদের লেবানন ভ্রমণের ওপর আরোপিত নিষেধাজ্ঞা তুলে নিয়েছে। ফলে কয়েক দিনের মধ্যেই আমিরাতের নাগরিকরা দেশটিতে ভ্রমণ করতে পারবেন।

সম্প্রতি আবুধাবিতে লেবাননের প্রেসিডেন্ট জোসেফ আউন ও ইউএই প্রেসিডেন্ট মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের মধ্যে এক দ্বিপক্ষীয় বৈঠকের পর এই নিষেধাজ্ঞা প্রত্যাহারের সিদ্ধান্ত আসে।

২০২১ সালে লেবাননের একজন মন্ত্রী ইয়েমেনে সৌদি নেতৃত্বাধীন সামরিক হস্তক্ষেপের সমালোচনা করেন। এর জেরে সংযুক্ত আরব আমিরাত সৌদি আরবের সঙ্গে সংহতি জানিয়ে লেবাননের বৈরুত থেকে কূটনীতিক ফিরিয়ে নেয় এবং নাগরিকদের জন্য লেবানন ভ্রমণ নিষিদ্ধ করে।

যদিও লেবাননের নাগরিকদের আমিরাতে প্রবেশে সরাসরি নিষেধাজ্ঞা ছিল না, তবে অনেকেই ভিসা পেতে জটিলতায় পড়েন।

বিগত দশকে লেবাননে হিজবুল্লাহর প্রভাব বিস্তারের কারণে বৈরুত ও আবুধাবির সম্পর্ক তিক্ত হয়ে পড়ে। তবে সম্প্রতি ইসরায়েলের সঙ্গে যুদ্ধে হিজবুল্লাহ দুর্বল হয়ে পড়ায় সংযুক্ত আরব আমিরাত এখন লেবাননের প্রতি নতুন করে আগ্রহ দেখাচ্ছে।

সৌদি আরব মার্চে জানায়, তারা লেবানন থেকে পণ্য আমদানি ও দেশটিতে সৌদি নাগরিকদের ভ্রমণের ওপর নিষেধাজ্ঞা তুলে দেয়ার কথা ভাবছে।

-B